# 237453 - ফ্রিল্যান্সিং বা মুক্তপেশা সংক্রান্ত হালাল-হারাম সম্পর্কে জানতে চায়

প্রশ্ন

ফ্রিল্যান্সিং বা মুক্তপেশার সিস্টেমে চাকুরী করার হুকুম কি? এ ধরণের পেশার ক্ষেত্রে হারাম ও হালালের কোন দিকগুলো সম্পৃক্ত হতে পারে? বিশেষতঃ গ্রাফিক্স ডিজাইন, সৃজনশীল লেখালেখি, গবেষণা ও নেটওয়ার্ক ডেভেলেপমেন্ট এ জাতীয় সেক্টরগুলোতে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

সমস্ত মানুষের ওপর, বিশেষতঃ উম্মতে মুসলিমার ওপর আল্লাহ তাআলার অনুগ্রহ হচ্ছে- হালালের পরিধিকে বিস্তৃত করা এবং হালালকে মূল হিসেবে ও প্রধান হিসেবে সাব্যস্ত করা; আর হারামকে সংকীর্ণ করা; এমনকি সংকীর্ণ থেকে আরও সংকীর্ণ করা। বরং তিনি হারামকে রেখেছেন বিরল ও ব্যতিক্রম কিছু হিসেবে। আল্লাহ তাআলা তাঁর কিতাবে বলেন: "আল্লাহ ইচ্ছে করেন তোমাদের কাছে বিশদভাবে বিবৃত করতে, তোমাদের পূর্ববর্তীদের রীতিনীতি তোমাদেরকে অবহিত করতে এবং তোমাদেরকে ক্ষমা করতে। আর আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়। আর আল্লাহ্ তোমাদেরকে ক্ষমা করতে চান। আর যারা কুপ্রবৃত্তির অনুসরণ করে তারা চায় যে, তোমরা ভীষণভাবে পথচ্যুত হও। আল্লাহ্ তোমাদের ভার কমাতে চান; আর মানুষকে সৃষ্টি করা হয়েছে দুর্বলরূপে।"[সূরা নিসা, আয়াত: ২৬-২৮]

আল্লাহ তাআলা আরও বলেন: "আল্লাহ্ তোমাদের জন্য সহজ চান এবং তোমাদের জন্য কষ্ট চান না।"[সূরা বাক্বারা, আয়াত: ১৮৫]

আল্লাহ আরও বলেন: "আল্লাহ্ তোমাদের উপর কোন সংকীর্ণতা করতে চান না; বরং তিনি তোমাদেরকে পবিত্র করতে চান এবং তোমাদের প্রতি তাঁর নেয়ামত সম্পূর্ণ করতে চান, যাতে তোমরা কৃতজ্ঞতা জ্ঞাপন কর।"[সূরা মায়েদা, আয়াত: ০৬]

ইমাম শাতেবি বলেন (রহঃ): "(লেনদেন ও স্বভাবগত বিষয়ের ক্ষেত্রে) মূলনীতি হচ্ছে- অর্থের দিকে দেখা; ইবাদতের ক্ষেত্রে নয়। লেনদেনের ক্ষেত্রে মূলনীতি হচ্ছে- যে কোন বিষয়ে সাধারণ অনুমতি থাকা; যতক্ষণ পর্যন্ত না কোন দলিল এর বিপরীত কিছু প্রমাণ করে।"[আল-মুওয়াফাকাত (১/৪৪০) থেকে সমাপ্ত]

অতএব, আপনি ফ্রিল্যান্সিং এর যে ক্ষেত্রগুলোর কথা উল্লেখ করেছেন যেমন- গ্রাফিক্স, লেখালেখি, গবেষণা করা,

ডভেলেপ করা, সৃজনশীল-সাংস্কৃতকি-শক্ষিণীয় সকল কর্ম সগেুলো করতে কোন বাধা নইে। গুরুত্বপূর্ণ হচ্ছ- আপনার কাজরে মধ্যে একটি আদর্শকি মসেজে থাকা চাই। সে মসেজে হতে পার— মানুষকে সুখী করা, তাদরে জন্য জীবন ধারণরে উপকরণগুলো সহজ করা কংিবা মানুষরে মাঝে সত্য, সঠকি ও ন্যায়-নীতরি প্রসার ঘটানো কংিবা তাদরেকে শক্ষিতি করে তোলা, তাদরে দ্বীন-দুনয়িার গুরুত্বপূর্ণ বষিয়গুলো সম্পর্কে তাদরে সচতেনতা বাড়ানো। এগুলো প্রত্যকেটি ভাল মসেজে; আপনার উন্মুক্ত কাজরে মধ্যে এ মসেজেগুলো থাকতে পার। এভাবে আপনি দখেবনে য, আপনার সৃজনশীল কর্মগুলো সবসময় এই উন্নত নতৈকি পথে পরচিালতি হচ্ছে; হারাম যসেব মসেজে সৃজনশীল কর্মরে সাথে সম্পৃক্ত হতে পারে সগেুলো থকেে দূরে থাকছ। যমেন- কোন অশ্লীল ছবরি ডজিাইন করা, যৌন সুড়সুড়মিূলক কোন কাজকে টার্গটে নয়ো, অশ্লীলতা প্রসারে অংশ গ্রহণ করা কংিবা হারাম কছিু বক্রি করা ইত্যাদ।ি

আল্লাহই ভাল জাননে।